অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কোভিড-19 মহামারী দ্বারা প্রভাবিত আসক্তি সেবা প্রদানকারীদের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

তহবিল সেবাদানকারীদের 2021 সালের মার্চ থেকে হওয়া কোভিড সম্পর্কিত খরচ মেটাতে সাহায্য করবে

আফিম ও ওভারডোজ মহামারীর মধ্যে আসক্তি সেবার চাহিদা ব্যাপক

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের কোভিড-19 মহামারীর চলমান প্রভাব দ্বারা প্রভাবিত আসক্তি সেবা প্রদানকারীদের সমর্থন করার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত উপলভ্য করা হবে। নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিস (New York State Office of Addiction Services and Supports, OASAS) দ্বারা পরিচালিত ফেডারেল তহবিলটি সেবাদানকারীদের ফিসক্যাল পুনরুদ্ধারের সহায়তা করবে এবং তাদের কোভিড-নিরাপদ মাদক ব্যবহার রোগ প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস, এবং পুনরুদ্ধার সেবা প্রদান করা অব্যাহত রাখতে দিবে।

"নিউ ইয়র্কবাসীরা এখনো দৈনন্দিন জীবনের প্রতি ক্ষেত্রে কোভিড-19 মহামারীর প্রভাবের সম্মুখীন হচ্ছে, যার মধ্যে আসক্তির চিকিৎসা রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "অনেক বেশি নিউ ইয়র্কবাসীর মতো, আমার পরিবারও আসক্তির বিরুদ্ধে লড়াইয়ে একজন প্রিয় মানুষকে হারিয়েছে, এবং চিকিৎসা প্রদানকারীরা যাতে তাদের অতি গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখতে পারে তাতে সাহায্য করার জন্য এই তহবিল একটি অবিচ্ছেদ্য অংশ হবে। আমার প্রশাসন সমর্থন প্রদানকারীদের সাহায্য করতে আমাদের কাজ অব্যাহত রাখবে যাতে করে যেই নিউ ইয়র্কবাসীদের সবথেকে বেশি সাহায্য প্রয়োজন তারা তা পেতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "আমাদের সেবাদানকারীরা বীরোচিত কাজ করেছে, কোভিড-19 সৃষ্ট বহু প্রতিবন্ধকতার মধ্যেও তারা সেবা খোলা এবং সক্রিয় রেখেছে। এই তহবিল আমাদের ব্যবস্থাকে স্থিতিশীল করতে সাহায্য করবে এবং আমাদের সেবাদানকারীদেরকে সর্বাধিক দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য জীবন রক্ষাকারী চিকিৎসা ও সেবা প্রদান অব্যাহত রাখতে দিবে।"

অনেক আসক্তি সেবা প্রদানকারী মহামারীর সময় উল্লেখযোগ্য আর্থিক চাপের সম্মুখীন হয়েছে যেহেতু তাদের জনস্বাস্থ্য সঙ্কট দ্বারা সৃষ্ট সমস্যার মুখোমুখি হতে হয়েছে। এইসব সংযোজিত খরচের মধ্যে রয়েছে টেলিহেলথ সেবা বৃদ্ধি, কোভিড-19 নিরাপত্তা প্রটোকল পূরণ, এবং মহামারী সম্পর্কিত অন্যান্য কর্মক্ষেত্রের সমস্যা।

পাশাপাশি, চলমান আফিম ও ওভারডোজ মহামারী নিউ ইয়র্ক স্টেটজুড়ে ব্যক্তি, পরিবার ও সম্প্রদায়সমূহকে প্রভাবিত করে যাচ্ছে। যার ফলাফল হয়েছে দ্বৈত স্বাস্থ্য সঙ্কট যা আসক্তি সেবার সংস্থানের উপর চাপ সৃষ্টি করছে।

2021 সালের করোনাভাইরাস সাড়াদান ও ত্রাণ সম্পূরক অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাক্টের (Coronavirus Response and Relief Supplemental Appropriation Act) দ্বারা অনুমোদিত মাদক অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা ব্লক অনুদানের (Substance Abuse Prevention and Treatment Block Grant) মাধ্যমে অর্থায়িত উদ্যোগটি আসক্তি সেবা প্রদানকারীদেরকে মহামারীর কারণে বিরত হওয়া কর্মসূচি পুনরায় শুরু করতে বা বিদ্যমান কর্মসূচি ও সেবা টিকিয়ে রাখতে বা উন্নত করতে একটি সুযোগ প্রদান করবে। লক্ষ্য হলো এই সেবাদানকারীদেরকে যাদের চিকিৎসা প্রয়োজন তাদেরকে দেশের শীর্ষপর্যায়ের যত্ন প্রদান করা অব্যাহত রাখতে দেওয়া।

আবেদনের জন্য অনুরোধ দেখুন।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। স্টেট ঐতিহ্যবাহী পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রসারিত করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে ক্রাইসিস সার্ভিস, ইনপেশেন্ট, বহির্বিভাগের রোগী এবং আবাসিক চিকিৎসা কার্যক্রম, সেই সাথে আসক্তির চিকিৎসার জন্য ওষুধ, এবং ভ্রাম্যমান চিকিৎসা ও পরিবহন পরিষেবা।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্সের (NYS Heroin and Opioid Task Force) সদস্য ছিলেন, যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে আছে নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, ওপেন অ্যাক্সেস কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

সিনেটর চাক শুমার বলেন, "নিউ ইয়র্ক আফিম কলঙ্কের সম্মুখ সারিতে রয়েছে, এবং সেজন্য আমি এটি নিশ্চিত করতে এতো জোর লড়াই করেছি যাতে ফেডারেল কোভিড ত্রাণ বিলে চিকিৎসা, প্রতিরোধ ও পুনরুদ্ধার সেবা বলীয়ান করতে ঐতিহাসিক বৃদ্ধি থাকে। এই 20 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি আসক্তি সেবা প্রদানকারীদেরকে সেই সমর্থন প্রদান করবে যা জীবন রক্ষা করে যাওয়া এবং যেই সম্প্রদায়ের শব্দ থেকে বেশি প্রয়োজন তাদেরকে সেই সাহায্য করে যেতে তাদের প্রয়োজন।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমরা আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় এই মহামারীর বিপর্যয়কারী প্রভাব দেখেছি, যার মধ্যে রয়েছে আমাদের দেশের চলমান আফিম সঙ্কট আরো খারাপ হওয়া। সেজন্য আমি কংগ্রেসে জোর চাপ প্রদান করেছি যাতে একটি কোভিড উদ্ধার প্যাকেজ প্রদান করা যায় যা ফেডারেল মাদক অপব্যবহার প্রতিরোধ এবং চিকিৎসা ব্লক অনুদান কর্মসূচি জোরদার ও সম্প্রসারণ করার মাধ্যমে আসক্তির রোগ নিয়ে কাজ করে। আমি এই প্রচেষ্টায় সফল হয়েছি এবং গত বছর আমাদের কোভিড সাড়াদান প্যাকেজে আমার ভোটটি দিতে পেরে আমি গর্বিত। আমি অত্যন্ত খুশি যে এই প্যাকেজটি আমাদের নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে জীবন রক্ষাকারী সমর্থন প্রদান করছে, এবং আমি তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি যাদের নেতৃত্ব ও অ্যাডভোকেসি তাদের জন্য আশা প্রদান করে যাচ্ছে যাদের তা সবথেকে বেশি প্রয়োজন।"

সিনেটের অ্যালকোহলিজম এবং মাদক অপব্যবহার কমিটির (Senate Committee on Alcoholism and Substance Abuse) প্রধান, স্টেটের সিনেটর পিট হারখ্যাম বলেন, "মাদক ব্যবহার ডিজঅর্ডার চিকিৎসা প্রদানকারীরা যারা এখনো মহামারীর পরবর্তীতে নিজেদের পরিচালনা ব্যবস্থা পুনরায় স্থিতিশীল করার কাজ করছে, তাদের জন্য প্রদত্ত এই অতিরিক্ত তহবিল এবং সমর্থন স্টেটব্যাপী জীবন রক্ষা করবে। গত কয়েক বছরে আফিম ওভারডোজ বেড়ে যাওয়ায়, আমাদের জন্য চিকিৎসা, পুনরুদ্ধার এবং ক্ষতি হ্রাস সেবা পাওয়ার সুযোগ ব্যাপকভাবে বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় সংস্থানের প্রতিশ্রুতি প্রদান আবশ্যক। আমি এই ব্যাপারে গভর্নর হোকলের দৃঢ় প্রচেষ্টার প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক বলেন, "আমাদের চিকিৎসা প্রদানকারীদের নিজেদের মিশন অর্জন করার জন্য আমরা যেকোনও অতিরিক্ত তহবিল দিতে পারলে তা তাদের জন্য একটি স্বাগত সংবাদ। কোভিড-19 আমাদের চিকিৎসা ফ্যাসিলিটিগুলির উপর অত্যন্ত চাপ প্রদান করেছে যেহেতু এদের অনেকগুলিই জমায়েত প্রকারের। আমাদের টেলিসেবা উন্নত করা, এবং একইসাথে জমায়েত প্রকারের ফ্যাসিলিটিগুলিতে স্থান বৃদ্ধি করা এবং কর্মীবাহিনী বৃদ্ধি ও এদের প্রণোদনা প্রদান করা হলে, তা মাদক ব্যবহার ডিজঅর্ডারের জন্য আরো ব্যক্তিগত চিকিৎসা প্রদান সম্ভব করবে।"

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

ক্রাইসিস/ডিটক্স, ইনপেশেন্ট, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা সহ আসক্তি সংক্রান্ত উপলভ্য চিকিৎসা NYS OASAS চিকিৎসার উপলভ্যতার ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেওয়া যাবে FindAddictionTreatment.ny.gov অথবা NYS OASAS ওয়েবসাইটে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের

প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 **নম্বরে ফোন করে অথবা** ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করে CHAMP হটলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418